আর্থিক
লিপি
শিলিগুড়ি, শুক্রবার, ৫ অক্টোবর, ২০১৮
Siliguri • Friday • October 5, 2018
Arthik Lipi, Page 5

পদত্যাগ করলেন আইসিআইসিআই ব্যাঙ্কের সিইও

মুম্বই, ৪ অক্টোবর : বৃহস্পতিবার পদত্যাগ করলেন আইসিআইসিআই ব্যাঙ্কের সিইও চন্দা কোছর। এদিন থেকেই আইসিআইসিআই-এর নতুন এমডি এবং সিইও-র দায়িত্ব নিলেন সন্দীপ বক্সী। বোর্ড তাঁর সেই আবেদন গ্রহণ করেছে। ব্যাঙ্কের সব ক'টি শাখার বোর্ড অফ ডিরেক্টর্সের সব দায়িত্ব থেকেও তাঁকে অব্যাহতি দেওয়া হয়েছে। তবে বোর্ড চন্দার বিরুদ্ধে যে তদন্ত চালাচ্ছে তা জারি থাকবে এবং এর জন্য তাতে কোনও প্রভাব পড়বে না। বরং তদন্তে আরও কিছু সুবিধা হবে বলেই আশাবাদী ব্যাঙ্ক কর্তৃপক্ষ। নির্দেশিকায় আরও বলা হয়েছে, সন্দীপ বক্সী ২০২৩ সালের ৩ অক্টোবর পর্যন্ত সিইও এবং এমডি-র পদে থাকবেন। চন্দা কোছরের পদত্যাগ এবং সন্দীন বক্সীর নিয়োগের খবর মেলার সঙ্গে সঙ্গেই বৃহস্পতিবার আইসিআইসিআই ব্যাঙ্কের শেয়ার ৫.২৩ শতাংশ উঠে দাঁড়ায় ৩১৯.৫০ টাকায়।

নামল সূচক, দুশ্চিন্তায় বিনিয়োগকারীরা

স্টাফ রিপোর্টার : বৃহস্পতিবার ফের নামল শেয়ার সূচক। এদিন দুপুরে ৮৫০ পয়েন্টে পড়ে যায় সেনসেক্স। নিফটি পড়ে যায় ২৬০ পয়েন্টের বেশি। টাকার দাম এদিনও পড়েছে ডলারের তুলনায়। বৃহস্পতিবার দুপুরে সেনসেক্সের সূচক ৮৫৮ পয়েন্টে পড়ে দাঁড়ায় ৩৫১১৬ পয়েন্টে। নিফটি সূচক ২৬৭ পয়েন্ট পড়ে দাঁড়ায় ১০৫৯১ পয়েন্টে। বৃহস্পতিবার টাকার দাম ডলার প্রতি পড়েছে ৭৩.৭৭ টাকা। বিশেষজ্ঞরা বলছেন, মূল্যবৃদ্ধি ঠেকাতে এবং টাকার পতন রুখতে রিজার্ভ ব্যাঙ্ক অতি কড়া পদক্ষেপ নিতে পারে, এই উদ্বেগে বিনিয়োগকারীরাও ঝুঁকি নিতে চাইছেন না। গত সপ্তাহের ঘোষণামতো আরবিআই রেপো রেট বাড়তে পারে ০.২৫ শতাংশ। আরবিআই বলেছে এই মাসে তারা বাজারে ৩৬ হাজার কোটি টাকা ঢালতে পারে। গত চার বছরের তুলনায় বৃহস্পতিবার ব্যারেল পিছু অপরিশোধিত তেলের দামও উর্ধ্বমুখী। ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম দাঁড়িয়েছে ব্যারেল পিছু ৮৬.১১ মার্কিন ডলার। ইউএস অপরিশোধিত তেলের দাম ব্যারেল পিছু হয়েছে ৭৬.২৫ মার্কিন ডলার। বিশেষজ্ঞরা জানিয়েছেন, ডলারে পতন বা বিশ্ব বাজারে তেলের দাম বাড়ার অভিঘাত তো আছেই, হালে ব্যাঙ্ক নয় এমন আর্থিক সংস্থাগুলির আর্থিক স্বাস্থ্য নিয়ে চিন্তা বাড়িয়েছে পরিকাঠামোয় ঋণদাতা আইএল অ্যান্ড এফএসে নগদের সমস্যাও। তার উপরে লগ্নিকারীরা সতর্ক ঋণনীতির ওপর। তারা মনে করেন সুদের হার বাড়তে পারে।

এমনিতে সুদ বাড়লে বন্ডের বাজারে চাঙ্গা হতে পারে। আসতে পারে ডলারের দাম। তা টাকার দামের পতনের ক্ষেত্রে একটা বড় ফ্যাক্টর হয়ে উঠতে পারে। তবে সূচকের এই পতনের ফলে দুশ্চিন্তায় পড়েছেন দালাল পাড়ার বিনিয়োগকারীরা। তাদের বক্তব্য, এর ফলে বাজারে বিনিয়োগ কমবে। এদিন যে সমস্ত শেয়ারের দাম হ্রাস পেয়েছে সেগুলি হল ভারত পেট্রোলিয়াম, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, সেন্ট্রাল ব্যাঙ্কের।

যাত্রীদের আচরণে মাথায় হাত পশ্চিম রেলওয়ের

স্টাফ রিপোর্টার : পশ্চিম রেলওয়ের সাম্প্রতিক তথ্যে রেলভ্রমণের সময়ে ভারতীয় যাত্রীদের চৌর্যবৃত্তির যে নমুনা পাওয়া যাচ্ছে, তাতে মাথায় হাত কর্তৃপক্ষের।

এক সর্বভারতীয় গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, শেষ অর্থবর্ষে দূরপাল্লার ট্রেনে শুধু পশ্চিম শাখাতেই ১ লক্ষ ৯৫ হাজার তোয়ালে, ৮১ হাজার ৭৩৬ চাদর, ৫৫ হাজার ৫৭৩ বালিশের ওয়াড়, ৫০৩৮টি বালিশ ও ৭০৪৩টি কম্বল চুরি হয়েছে। চুরি করেছেন ভারতীয় রেলের যাত্রীরাই।

কিছুদিন আগে রেলওয়ে প্রোটেকশন ফোর্স-এর তরফ থেকে জানানো হয়েছিল, ২০১৭-১৮ সালে ট্রেন থেকে শুধু মগই চুরি হয়েছে প্রায় ২.৯৭ কোটি টাকার। এই তালিকাতেই নয়া সংযোজন পশ্চিম রেলওয়ের এই তথ্য।

সেন্ট্রাল রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিকের গলায় উষ্মা। তাঁর মতে, শেষ ছয় মাসে পশ্চিম রেল থেকে ৬২ লক্ষ টাকার সম্পত্তি চুরি হয়েছে। গত সোমবার মুম্বইয়ের বান্দ্রা থেকে এক ব্যক্তি রাতলামগামী দূরপাল্লার ট্রেনে ওঠেন। তিনটি কম্বল, ছয়টি চাদর ও তিনটি বালিশ-সহ তাঁকে গ্রেফতার করা হয়।

সারা ভারত জুড়েই এই চুরির রমরমা। গত তিন বছরে মোট ৪ হাজার কোটি টাকার চুরি হয়েছে ভারতীয় রেলে। এই ক্ষতির মুখে দাঁড়িয়ে কীভাবে উৎকৃষ্ট পরিষেবা দেবে ভারতীয় রেল, কবে পাল্টাবে আমাদের মানসিকতা, ভেবে দেখার বিষয়।

পাওয়ার স্টাইলযুক্ত নতুন এস্পার গাড়ি লঞ্চ করল ফোর্ড ইন্ডিয়া।

রেকর্ড সংখ্যক বাইক বিক্রি হিরোর

মুম্বই, ৪ অক্টোবর : গত সেপ্টেম্বর মাসে 'রেকর্ড' সংখ্যক মোটর সাইকেল এবং স্কুটার বিক্রি করল হিরো মোটোকর্প লিমিটেড। তারা জানিয়েছে, ওই মাসে তারা ৭ লক্ষ ৬৯ হাজার ১৩৮টি মোটর সাইকেল এবং স্কুটার বিক্রি করেছে। যা তাদের যে কোনও একটি মাসের হিসেবে এখনও পর্যন্ত সর্বোচ্চ। তারা জানিয়েছে, কোনও একটি মাসে ৭ লক্ষ ৫০ হাজারটির বেশি মোটর সাইকেল এবং স্কুটার বিক্রি কোনও একটি 'টু-হুইলার কোম্পানি'র ক্ষেত্রে এটাই প্রথম। জানিয়েছে, চলতি আর্থিক বছরের প্রথম ছ'মাসে তাদের মোটর সাইকেল এবং স্কুটার বিক্রি ৪.২ মিলিয়ন ছাড়িয়েছে। অক্টোবর-নভেম্বরের উৎসবের মাসগুলিতে তাদের মোটর সাইকেল ও স্কুটার বিক্রি নয়ামাত্রায় পৌঁছবে বলে আশাবাদী কোম্পানির কর্তারা।

এলটিসির সুবিধা বাড়াল মোদী সরকার

নয়াদিল্লি, ৪ অক্টোবর : যখন ৫০ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মী অপেক্ষায় রয়েছে সপ্তম বেতন কমিশনের সুপারিশ চেয়ে ন্যূনতম পে এবং ফিটমেন্ট ফ্যাক্টর বেশি পেতে তখনই নরেন্দ্র মোদীর সরকার এলটিসি সুবিধা বাড়াল। কারণ ২০২০ সালের সেপ্টেম্বরে এলটিসির আওতায় এসে গেল জম্মু-কাশ্মীর এবং উত্তর-পূর্বাঞ্চল এবং আন্দামান দ্বীপপুঞ্জে বিমানে যাতায়াত। এই বিষয়ে নির্দেশিকা কেন্দ্রীয় সরকারের সমস্ত মন্ত্রক ও দফতরে তা পাঠানো হয়েছে, পাশাপাশি সতর্ক করা হয়েছে এই নিয়ে এলটিসি-র অপব্যবহার যেন না করা হয়। এজন্য সবচেয়ে কম দামের বিমান টিকিট বুক করতে হবে। এর আগে ২০১৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত এলটিসি-র আওতায় রাখা হয়েছিল জম্মু-কাশ্মীর এবং উত্তর-পূর্বাঞ্চল এবং আন্দামান দ্বীপপুঞ্জে বিমানে যাতায়াত। তার সময়সীমা বাড়িয়ে দেওয়া হয় সময়ে সময়ে। এর আগে ২০১৬ সালে তা দু'বছরের জন্য বাড়িয়ে দেওয়া হয়েছিল।

পর্যটক বোঝাই জাহাজে ঝামেলার অভিযোগ

মুম্বই, ৪ অক্টোবর : অস্ট্রেলিয়ার পর্যটক বোঝাই বিলাসবহুল জাহাজে হুজ্জুতি চালানোর অভিযোগ উঠেছে একটি ভারতীয় কোম্পানির কর্মীদের বিরুদ্ধে। রয়্যাল ক্যারিবিয়ান ইন্টারন্যাশনাল অস্ট্রেলিয়া অ্যান্ড নিউজিল্যান্ড কোম্পানির ওই জাহাজে ঘটনাটি গত মাসে ঘটলেও প্রকাশ্যে এসেছে বৃহস্পতিবার। কোম্পানির মুখপাত্র সুজান বোনারের অভিযোগ, ভয়জার অফ দ্য সিজি নামে ওই জাহাজটি ৬ সেপ্টেম্বর তিন রাতের ভ্রমণে সিডনি থেকে ছেড়েছিল। কিছু পরেই সেখানে ওঠেন একটি ভারতীয় তামাক কোম্পানির ১৩০০ কর্মী। জাহাতে উঠেই তাঁরা অন্য যাত্রীদের সঙ্গে দুর্ব্যবহার করতে শুরু করেন। জাহাজের ডেক, বার, রেস্তোরাঁ, ব্যাঙ্কোয়েট হল সহ বিভিন্ন জায়গায় তাণ্ডব শুরু করেন ওই ভারতীয় কর্মীরা। তাঁদের সঙ্গিনী হিসেবে ছিলেন একদল স্বল্পবসনা মহিলা, যাঁরা একটি জনপ্রিয় পর্নোগ্রাফিক ম্যাগাজিনের মডেলের মতো পোশাক পরেছিলেন। সুজানের আরও অভিযোগ, নিজেদের সেলফোনে কিশোরী এবং যুবতী যাত্রীদের ছবি তোলারও চেষ্টা করছিলেন ওই কর্মীরা। ওই বেপরোয়া কর্মীদের ভয়ে বাকি যাত্রীরা নিজেদের রুমে ঢুকে পড়েন। পরে রয়্যাল ক্যারিবিয়ান ইন্টারন্যাশনাল কোম্পানির আরও কর্মীরা সমুদ্রে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। সমস্যা সমাধানে ওই ভারতীয় তামাক কোম্পানি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসা হচ্ছে বলে জানিয়ে সুজান বলেছেন, ওই ঘটনার জন্য আতঙ্কিত যাত্রীদের কাছে ক্ষমা চেয়ে সফরের পুরো টাকা ফেরত দিয়েছেন তাঁরা।

ব্যবসায়িক সম্প্রসারণ ডাকব্যাক-এর

স্টাফ রিপোর্টার : ২০২০ সালে শতবর্ষে পা দেওয়ার আগে নিজেদের ব্যবসায় বৈচিত্র্য আনতে উদ্যোগী হয়েছে সংস্থাটি। পুজোর মুখেই বাজারে এই নতুন পণ্যের সম্ভার নিয়ে হাজির হবে আকর্ষণীয় মডেলের পাশে ডাকব্যাক বাজারে নিয়ে আসছে ওয়াটার বটল, হট ওয়াটার বটল, লাঞ্চবক্সের মতো একাধিক সামগ্রী।

ইতিমধ্যই প্রচুর নামী-দামি সংস্থা বাজারে থাকা সত্ত্বেও কেন পোশাকের বাজারে তারা নামতে চলেছেন, সে প্রসঙ্গে সংস্থার চেয়ারম্যান ও পি সাক্সেনা জানান, ভারতের মতো বিশাল বাজারে সব সময়েই পোশাকের বাজারে করে খাওয়ার সম্ভাবনা রয়েছে, যদিও উচিৎ মূল্যে ভাল মানের পণ্য ক্রেতাকে পৌঁছে দেওয়া যায়। তাই এই ক্ষেত্রে নিজেদের সুনামকে ভরসা করেই নামতে চলেছেন তারা।

তাঁর আরও দাবি, ৯৮ বছর ধরে নিজেদের সুনাম ধরে রেখে বর্ষাতি এবং সংশ্লিষ্ট দ্রব্য দেশের মানুষকে সরবরাহ করে আসছে ডাকব্যাক। নিজের ক্ষেত্রে এখন দেশে অবিসংবাদিত শীর্ষস্থান ডাকব্যাকেরই দখলে। সেই সূত্র ধরেই সংস্থা মনে করছে, এখনও বেশকিছু ক্ষেত্র রয়েছে, যেখানে নিজেদের ব্যবসা সম্প্রসারণ করার সুযোগ রয়েছে। যার জন্য পোশাক এবং ছাতার বাজার ধরতে আসরে নামছেন তারা। তিনি আরও জানান, ইতিমধ্যেই গুজরাতের বাজারে চলে আসা এই পোশাক সম্ভার শীঘ্রই দেশের অন্যত্রও পাওয়া যাবে। দু'টি ক্ষেত্রে ব্যবসার সম্প্রসারণের সূত্র ধরে সংস্থার বর্তমান টার্নওভার ৭০-৮০ কোটি টাকা থেকে আগামী ৩ বছরের মধ্যে বেড়ে ৪০০ কোটি ছুঁয়ে ফেলবে বলেই আশা কর্তৃপক্ষের। আগামী দিনে চিকিৎসা সংক্রান্ত আইসপ্যাক, ব্যান্ডেজ জাতীয় পণ্যও তৈরি করার কথা ভাবছে সংস্থা।

পণ্যের সম্ভার বাড়ানোর পাশাপাশি বাজারে সংস্থার পণ্যের চাহিদা যাতে মেটানো যায়, সে কথা মাথায় রেখে চলতি বছর শেষ হওয়ার আগেই রাজ্যে ২০টি সহ গোটা দেশে ১০০টি এক্সক্লুসিভ স্টোর খুলতে চলেছে সংস্থা। পরিকল্পনা রয়েছে ২০২০ সালের মধ্যে সেন্টারের সংখ্যা ২৫০তে নিয়ে যাওয়ার। শুধু দেশেই নয়, আগামী দিনে বিশ্বের বাজারে একাধিক দেশে সংস্থার পণ্য ছড়িয়ে দিতে উদ্যোগী হয়েছে সংস্থা। যার দরুন খোঁজ চলছে ফ্র্যাঞ্চাইজির, যাদের মাধ্যমে ডাকব্যাকের পণ্য পাড়ি দেবে বিদেশে।

সংস্থার চিফএগজিকিউটিভ (সেলস) অভিজিৎ পুরকায়স্থ জানান, উত্তর-পূর্ব ভারতে সমীক্ষা চালাতে গিয়ে সংস্থা দেখতে পায় শুধু এই অঞ্চলেই প্রায় ৬০০ কোটি টাকার ছাতার বাজারের অধিকাংশই আইটিসি-র দখলে থাকলেও সেখানে বাকিদের জন্যও প্রচুর সম্ভাবনা রয়েছে।

BALURGHAT PANCHAYAT SAMITI
Abridged E-Quotation Notice
1st Call
NIT No-1591/PS Date. 03.10.2018

Online applications for e-quotation are invited by the U/S from the bidders for skill development training under BADP through West Bengal Govt. e procurement website www.wbtenders.gov.in Last date of document download 03.10.2018 at 18.00 P.M. Last of Date of Bid submission 18.10.2018 at 18.30 P.M, Date of Opening of Technical Bid 29.10.2018 at 11.00 hours. Date of opening of Financial Bid 31.10.2018 at 12.00 hours at the Office of the U/S. Other details may be seen in the office during office hours of all working days.

Sd/-
Executive Officer
Balurghat Panchayat Samiti
Balurghat, Dakshin Dinajpur.

NOTICE INVITING OPEN TENDER

NIT No:- WBPWD/EE/DED/e-NIT-20 of 2018-19 (2nd Call), e-Tender Id:- 2018_WBPWD_192607_1 EE/DED, P.W.Dte invites open tender for the work "Electrification of Newly Proposed Building in the premises of Department of Chemistry within the campass of North Bengal University in the dist of Darjeeling." Bid submission Closing 13/10/2018 12:00 pm further details may be obtained from https://wbtenders.gov.nic and www.pwdwb.in

BALURGHAT PANCHAYAT SAMITI
&
Balurghat Development Block
Notice inviting E-Tender

E-Tender is hereby invited on behalf of E.O. & B.D.O. Balurghat in percentage rate vide NIT Memo No. 4759 Dated04/10/2018 for details information visit the Website http://wbtenders.gov.in. Last date of bid submission 19/10/2018 at 18.30 hours.

Sd/-
Executive Officer
&
Block Development Officer
Balurghat, Dakshin Dinajpur.

[redacted]

NOTICE INVITING OPEN TENDER

NIT No:- WBPWD/EE/DED/e-NIT-21 of 2018-19 (2nd Call), e-Tender Id:- 2018_WBPWD_192619_1 EE/DED, P.W.Dte invites open tender for the work "Electrification of Newly Proposed Building in the premises of Department of Physic building within the campass of North Bengal University in the dist of Darjeeling" Bid submission Closing 13/10/2018 12:00 pm further details may be obtained from https://wbtenders.gov.nic and www.pwdwb.in

E-TENDER

E-Tender is hereby invited vide Memo no 3283/PO cum DWO/BCWA date 03/10/2018 of this office from the bonafide, eligible contractors as specified in details. Please visit the site www.wbtenders.gov.in/ contact PO cum DWO BCW Alipurduar at Dooars Kanya, Integrated Administrative, Building, Alipurduar.

Sd/-
Project Officer cum
District Welfare Officer
Backward Classes
Welfare, Alipurduar

NOTICE FOR TENDER & SUPPLY

Notice for Tender & Supply of materials are here by invited from the bonafide eligible agencies as specified in the details in notice vide memo no-**3259, 3260, 3261, 3262, 3263 & 3264/PO-DWO/BCWA dt.-03.10.2018.** For details please visit the district official website www.alipurduar.gov.in/ Office Notice Board/ Contact PO cum DWO, BCW Alipurduar at Doorskanya inegrated administrative building Alipurduar.

Sd/-
PO CUM DWO
BCW, Alipurduar

Sl. No. 1 N.I.Q.No.141/Q of 2018-19 Name of Work : "Installation of Lightning conductor at N.S. Building of Presidency University--- Lightning conductor installation at Eastern portion of building." Critical Dates:
1. Last date of permission & receive application : 11.10.2018 upto 4.30 PM.
2.Tender/Quotation will receive up to:-2 P.M. of 12.10.2018.
3. Date of Opening Tender:- After 2 p.m. of 12.10.2018
Sl. No. 2 N.I.Q.No.142/Q of 2018-19 Name of Work : "Renovation of Calcutta University-- Electrical Installation for 15 passenger ACVVVF machine room less automatic lift in Asutosh Building" Critical Dates:
1. Last date of permission & receive application : 11.10.2018 upto 4.30 PM.
2.Tender/Quotation will receive up to:-2 P.M. of 12.10.2018
3. Date of Opening Tender:- After 2 p.m. of 12.10.2018.

For any enquiry interested participants are requested to contact office of the Executive Engineer, Kolkata North Electrical Division, P-5, CIT Road, 2nd floor, Moulali, Kolkata-700014 on working days.

Sd/-
Executive
Enginner,P.W.D.
Kolkata North Electrical Division.

Tender, Govt. of West Bengal

Quotation of works are hereby invited by Assistant Engineer, PWD. Uluberia Electrical Sub-Division, Gangarampur PWD Office Campus, Uluberia, Howrah. from the reputed suppliers/ contractors having experienced in similar nature of works as follows:
(1) Name of Work: SITC of Fire Alarming System at residual portion of Gabberia state General Hospital, Howrah, NIQ No. 2I/Q of 2018-19 Last date of permission: 09.10.2018 up to 4.00 P.M.
For details information contact to the undersigned.

Sd/-
Assistant Engineer. PWD Uluberia Electrical Sub-Division

Govt. of West Bengal

N.I.T. No. 11/BSD of 2018-2019 of A.E., (PWD) Behala Sub-Division for 1(One) no work.
Last date and time of application: 09.10.2018 at 2.00 P.M.
Details will be available from the website www.pwdwb.in and notice board of this office on all working days within office hours.

Sd/-
Assistant Engineer, PWD
Behala Sub-Division.

N.I.T. : SFDC/MD/NIT-08(e)/2018-19/1455

SFDC Ltd invites e-tender for **various works, under different Projects of SFDC.** For details please visit website: **www.wbsfdc.com** or **https://wbtenders.gov.in**
Last date of (online) Bid submission : 26.10.2018 upto 15.00 hrs and **opening on 29.10.2018 at 15.00 hrs.**

NOTICE INVITING TENDER

Assistant Engineer, P.W.D. Kolkata North Sub Division-I invites Tender no. 11/KNSD-I of 2018-19 for the works(1)Providing barricading on Kolkata Jessore road near Bhagabati Park (Left side) and Shyamnagar crossing(both side in connection with Durga Puja Festival 2018
Application date.10.10.18
Detail is available in the Departmental website (http://www.pwdwb.in) and office notice board.

Sd/-
Assistant Engineer, PWDte
Kolkata North Sub Division-I

NIT No. WBIW/SDO-III/CDDD/NIT-10/2018-2019

Sealed tenders are invited by the undersigned for the following work: 1) Urgent Jungle cutting from bank slope of DWF Channel from Nalmuri to Ghushighata in block-Bhangar-1, P.S-Bhangar, under Calcutta Drainage Outfall Sub-division-III of Calcutta drainage Outfall Division., Amount put to Tender-2,40,097/-, Last date of receiving application for tender: 9.10.18 upto 2.00 p.m and last date of issue of tender papers: 9.10.18 from 2.00 p.m to 5.00 p.m.. last date & time for receiving sealed tender papers: 11.10.18 upto 2.00 p.m. date & time of opening tender papers: 11.10.18 at 3.00 p.m. Detail inforamtion is available from the Office of the undersigned on any working day.

Sd/-
Sub-Divisional Officer
Calcutta Drainage Outfall Sub-Division-III

NIT No.07/KSD/PHE/2018-2019

Sealed Tender are invited by the Assistant Engineer, Kandi Sub-Division, PHE.Dte., for the work of Sinking of India Mark-II Tube -Well (100mmx40mm) depth 60.0 mtr under Kandi Sub-Division. Last date of application is on **25/10/2018 up to 13.30 Hrs.** For details, please visit the website www.wbphed.gov.in

Sd/-
Assistant Engineer
Kandi Sub-Division
P.H.Engineering Dte.

TENDER NOTICE

Assistant Engineer, Basirhat Sub-Division, P.H.E.Dte. invites offline Tender Notice No.11/BHTSD of 2018-2019 SI.No.1 to 11 Dated 01/10/2018 from Bonafide out siders. Last date of application : 10/10/2018 up to 2.30 P.M the details can be obtained from the website www.wbphed.gov.in

Sd/-
Assistant Engineer
Basirhat Sub-Division
PHE.Dte.

NIQ No.-WBPWD/EE-KED/NIQ-34/2018-19
Name of Works- Annual Comprehensive Maintenance contract of 2 x 3TR Precision type Air Conditioner (Emerson make) installed at server room of the Central Library, Block-II under Writers' Buildings Electrical Section-IV under Writers' Buildings Electrical Sub-Division, PWD.
Last date of receipt of application for permission of quotation on **11/10/2018 up to 03-00 P.M.**
Last date of issue of quotation:- **12/10/2018 up to 4-00 P.M.**
Quotations will be received on **12/10/2018 up to 04.30 P.M.**
Details may be available from the office of the undersigned during office hours on specified working days & may visit the Website:- https://pwdwb.in & https://wbtenders.gov.in.
In case of any unscheduled holiday/Bandh/Strike on any of the aforesaid dates, the next working day will be treated as scheduled day for the purpose.

Executive Engineer, PWD
Kolkata Electrical Division

N.I.T. NO : 11/AE/DDSD of 2018-2019

Sealed Tenders are invited from bonafide outsiders having credential of Similar nature of work for 01 (One)no. of as follows:
1. Barracading for Durga Puja Festival on B.T. Road from 6.20 Kmp to 12.00 Kmp during the year 2018-19. Last date of application: 10.10.2018 upto 1.00 P.M.
For details contact in Office Notice Board at Assistant Engineer, Dum Dum Sub-Division, P.W.D. 166/10, B.T.Road, (Gr.Floor) Kolkata-700 108.

Sd/-
Assistant Engineer (P.W.D)
Dum Dum Sub-Division
Govt. of West Bengal

Sealed Quotation are hereby invited by the Assistant Engineer PWD Murshidabad Electrical Sub-Division, Berhampore, Murshidabad. 01 (One) No.work vide N.I.Q. No. 37/MESD/Q of 2018-19. Eligibility resourceful bonafide having experience in similar nature of work. Date of receiving of tender up to **11.10.2018.** Details may had in above office on any working day during office hours.

Sd/-
Assistant Engineer,P.W.D
Murshidabad Electrical Sub-Division

পূর্ব রেলওয়ে

টেন্ডার নম্বর ঃ ১৫৩_২০১৮-১৯, তারিখ ২৭.০৯.২০১৮। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া **ডিআরএম/প্রজেক্ট/হাওড়া**-এর অধীনে নিম্নলিখিত কাজের জন্য সেড/সিপিডব্লিউডি/এমইএস-এ রেজিস্ট্রিকৃত সমেত টেন্ডারদাতাদের থেকে নির্ধারিত ফর্মে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেন ঃ **কাজের বিবরণ ঃ** [illegible] থেকে বেলুড়মঠ পর্যন্ত ইএমইউ ট্রেনগুলির সরাসরি চলাচলের জন্য বেলুড় [illegible] সংক্রান্ত কাজে বেলুড় নর্থ [illegible] পাম্প হাউসের ব্যবস্থা এবং অন্যান্য সহায়ক কাজ সমেত বর্তমান ইনটেক ওয়েলগুলির প্রতিস্থাপনস্বরূপ দুটি ইনটেক ওয়েল নির্মাণ। **আনু. ব্যয় ঃ** ১,২০,৭৮,০৬৪.৪৩ টাকা। **বায়নামূল্য ঃ** ২,১০,৪০০ টাকা। **বন্ধের তারিখ ও সময় ঃ** ২৬.১০.২০১৮-এ দুপুর ২টা। টেন্ডারের বিশদ বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। কোনও ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না।

Expression HWH-168/2018-19

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in-এও পাওয়া যাবে।

e-N.I.T No - WBIW/EE/BNKID/eNIT-03/2018-19

On behalf of the Governor of W.B. the Executive Engineer, Bankura Irrigation Division, Bankura invites online e-tender for:-
1. M/R to Causeway approach road over river Darakeswar at Surpanagar within Onda Block & Aral Bansi within Bankura-I Block, District-Bankura under Bankura Irrigation Division.
A.P.T.- Rs. 16,54,495.00, Tender ID No. 2018_IWD_192563_1
Online Technical & Financial Bids with others documents submission end Date:-**31.10.2018 till 17.30 Hours IST.** Details information, downloading & uploading are available from the website www.wbtenders.gov.in

Sd/- Executive Engineer
Bankura Irrigation Division, Bankura.